

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা এবং এর অধীনস্থ দপ্তরসমূহের প্রধান কার্যাবলীঃ

- (১) শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর আহরণ তদারকি;
- (২) মূল্য সংযোজন কর নিবন্ধন প্রদান;
- (৩) মূল্য সংযোজন কর আইন এবং এর অধীনে প্রণীত বিধি বিধান পরিপালন নিশ্চিতকরণ, করদায়ীতা নিরূপণ ও কর ফাঁকি উদ্ঘটনের লক্ষ্যে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা;
- (৪) কর ফাঁকি রোধ ও চোরাচালান প্রতিরোধের লক্ষ্যে নিবারক কার্যক্রম পরিচালনা;
- (৫) কর ফাঁকি, অনিয়ম ও আটক মামলার ন্যায় নির্ণয় ও বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় মামলা নিষ্পত্তিকরণ;
- (৬) মূল্য সংযোজন কর নির্ণয়ে মূল্যভিত্তি অনুমোদন;
- (৭) মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও আবগারী শুল্ক আহরণে নিয়োজিত বিভাগ এবং সার্কেল সমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ;
- (৮) শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর আহরণ সম্পর্কিত দিক নির্দেশনা প্রদান;
- (৯) নিয়োজিত কর্মকর্তা, কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- (১০) সম্মানিত করদাতাদের কর সংক্রান্ত বিষয়াদি জ্ঞাত করণার্থে প্রশিক্ষণদান ও প্রচার;
- (১১) কমিশনারেটের কর্মকর্তা/কর্মচারীদের আন্তঃবদলী, প্রশিক্ষণ ও ছুটি সংক্রান্ত বিষয়াবলী;
- (১২) কর্মকর্তা কর্মচারীদের বিরুদ্ধে অভিযোগ, দুর্নীতি ও শৃংখলাজনিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (১৩) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী করদাতাগণকে তাঁদের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করা।